গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাজেট-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moi.gov.bd

বিষয়: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন ও রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা চূড়ান্তকরণ সংক্রান্ত "বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি)" সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ হুমায়ুন কবীর খোন্দকার<br>সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |
| তারিখ | : | ০৬ ডিসেম্বর ২০২৩ |
| সময় | : | সকাল ১১:০০ মিনিট |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (বাজেট-১) ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন এবং রাজস্ব প্রাপ্তির সংশোধিত লক্ষ্যমাত্রা উপস্থাপন করেন।

২. ২০২৩-২৪ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন:

২.১. উপসচিব (বাজেট-১) সভাকে অবহিত করেন যে, ০৫ ডিসেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত "বাজেট ওয়ার্কিং গ্রুপ"-এর সভায় ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন এবং রাজস্ব প্রাপ্তির সংশোধিত লক্ষ্যমাত্রা পর্যালোচনা করা হয়। ২০২৩-২৪ অর্থবছরে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বিদেশস্থ মিশনের ১০টি প্রেস উইং এবং আওতাধীন ১৪টি দপ্তর/সংস্থার অনুকূলে পরিচালন ব্যয় খাতে ৮৩৮ কোটি ৭৯ লক্ষ টাকা এবং উন্নয়ন ব্যয় খাতে ২১১ কোটি ৬৮ লক্ষ টাকাসহ মোট ১০৫০ কোটি ৪৭ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বাজেট ওয়ার্কিং গ্রুপ-এর সভার সুপারিশ অনুযায়ী সংশোধিত বাজেটে পরিচালন ব্যয় খাতে ৮৩৭ কোটি ৫৯ লক্ষ ৮৩ হাজার টাকার প্রস্তাব করা হয়েছে। পরিচালন ব্যয় খাতে হ্রাসের প্রস্তাব করা হয়েছে ১ কোটি ১৯ লক্ষ ১৭ হাজার টাকা।

২.২ ২০২৩-২৪ অর্থবছরে উন্নয়ন ব্যয় খাতে ২১১ কোটি ৬৮ লক্ষ টাকার স্থলে সংশোধিত বাজেট ২৯৯ কোটি ৪১ লক্ষ ৭৮ হাজার টাকার প্রস্তাব করা হয়েছে। সংশোধিত প্রাক্কলনে উন্নয়ন ব্যয় খাতে বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে ৮৭ কোটি ৭৩ লক্ষ ৭৮ হাজার টাকা। পরিচালন ও উন্নয়ন ব্যয় খাতে মূল বরাদ্দ মোট ১০৫০ কোটি ৪৭ লক্ষ টাকা। পরিচালন ও উন্নয়ন খাতে সংশোধিত প্রস্তাব করা হয়েছে ১১৩৭ কোটি ০১ লক্ষ ৬১ হাজার টাকা। সমন্বিত বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে ৮৬ কোটি ৫৪ লক্ষ ৬১ হাজার টাকা। মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাভিত্তিক নির্ধারিত ছকে পরিচালন ব্যয়ের সংশোধিত নিম্নরূপ ব্যয় প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে:

(অংকসমূহ হাজার টাকায়)

| দপ্তর/সংস্থা | প্রকৃত ব্যয় | | | | | বাজেট ২০২৩-২৪ | প্রস্তাবিত সংশোধিত ২০২৩-২৪ | হ্রাস/বৃদ্ধি | হ্রাস বৃদ্ধির কারণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | প্রকৃত ব্যয় ২০২১-২২ | প্রকৃত ব্যয় ২০২২-২৩ | ১ম ৬ মাস ২০২১-২২ | ১ম ৬ মাস ২০২২-২৩ | ১ম ৩ মাস ২০২৩-২৪ | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | |
| (১) মন্ত্রণালয় | | | | | | | | | |
| (ক) সচিবালয় | ৬৭,৮২,৪০ | ২৮,১৯,৯১ | ৭,৩৭,৩৮ | ১৩,৫৬,৫৩ | ৯,০৭,৩৫ | ৪৭,৬৪,০০ | ৪৭,৬৪,০০ | -- | |
| (খ) আন্তর্জাতিক চাঁদা | ৫৩,০২ | ৪৫,২৬ | ৬৫ | ১,০২ | ২৫,৭২ | ৯৮,০০ | ৯৮,০০ | -- | |
| (গ) বিদেশস্থ মিশন | ১১,৬৩,৯৮ | ৯,৩৩,৮২ | ৪,৯৪,৬৫ | ৫,০১,৫৮ | ৩,০৫,২৮ | ১৮,১৬,০০ | ১৯,৬৬,১৩ | বৃদ্ধি ১,৫০,১৩ | |
| (২) তথ্য অধিদফতর | ২১,৭৯,১৯ | ২৩,৩৬,৩০ | ৯,২৪,৩৯ | ৯,৯১,৮৭ | ৫,৪১,৪১ | ৩১,৫৪,০০ | ৩১,৫৪,০০ | -- | |
| (৩) গণযোগাযোগ অধিদপ্তর | ৫৫,৪১,৩১ | ৪৯,৯০,১৬ | ২১,৮৮,০৫ | ১৯,৭২,১১ | ১০,৩৭,২০ | ৬৮,০১,০০ | ৬৭,৭৩,৭০ | হ্রাস-২৭,৭০ | |
| (৪) চলচ্চিত্র প্রকাশনা অধিদপ্তর | ৪৫,৮৯,০৮ | ৩৬,০৫,০৪ | ৭,০০,২৮ | ৯,৫১,৭৬ | ২,৩০,৮৭ | ৪৪,৫০,০০ | ৪৪,৫০,০০ | -- | |
| (৫) জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট | ১০,৮১,৩০ | ১০,০২,১৪ | ৪,১৩,৫৬ | ৪,৫১,৩৫ | ১,৩০,১৪ | ১৩,৪৮,০০ | ১৩,৪৮,০০ | -- | |
| (৬) বাংলাদেশ বেতার | ১৮৮,৪৬,৬৭ | ১৬৯,২৮,৫৯ | ৭৯,২৯,২৯ | ৮২,৫৬,৩৩ | ৪৪,৩৪,৫০ | ২১২,৮৮,০০ | ২১২,৮৮,০০ | -- | |
| (৭) বাংলাদেশ টেলিভিশন | ২৮৫,৪৭,২৭ | ৩৭০,৬১,৫১ | ১৪৬,৫৮,৩৩ | ২১২,২৩,৯৮ | ৪১,১৮,৮৫ | ৩১৫,৫৯,০০ | ৩১৫,৫৯,০০ | -- | |
| (৮) বাংলাদেশ ফিল্ম সেন্সরবোর্ড | ৩,৪৫,৯২ | ৩,১৫,৫৪ | ১,৫৯,১৯ | ১,২৮,৬৯ | ৪২,১৯ | ৬,২৪,০০ | ৩,৯৪,০০ | ডিসিপি ক্রয় বাবদ ২,৩০,০০ হ্রাস করে | |
| (৯) বাংলাদেশ ফিল্ম | ৯,০৫,৫৩ | ৭,৮৬,৬১ | ৩,২৩,০৬ | ৩,৫৯,৪২ | ১,১১,১৮ | ৮,৯৬,০০ | ৮,৯৬,০০ | -- | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| আর্কাইভ | | | | | | | | | |
| (১০) তথ্য কমিশন | ৬,৭৮,৭১ | ৫,৫৬,১৪ | ২,৯০,৫৭ | ২,৮১,১৪ | ৮৭,৬২ | ৯,২৯,০০ | ৯,২৯,০০ | -- | |
| (১১) প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ | ৯,৭১,২১ | ৯,৫০,৮২ | ৪,৮৩,০৭ | ৫,২১,৫৪ | ২,০৭,৩৫ | ৯,২২,০০ | ৯,২২,০০ | -- | |
| (১২) বাংলাদেশ সংবাদ সংস্থা | ৩৪,৯৯,০০ | ৩৬,৩৫,২৫ | ১৭,১৭,২৭ | ১৭,৯৪,৩৪ | ৯,৪৭,৬৫ | ৩৮,৬৯,০০ | ৩৮,৬৯,০০ | -- | |
| (১৩) বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট | ৩,০০,৬১ | ২,৪৪,৯৩ | ৮৬,৯৭ | ৫৭,৭৬ | ৩৯,৮৮ | ৩,৩৯,০০ | ৩,৩৯,০০ | -- | |
| (১৪) বাংলাদেশ প্রেস কাউন্সিল | ১,৭২,৭৭ | ১,৫৬,৭২ | ৬০,২৫ | ৬৭,৮৬ | ৪৪,৮৬ | ২,৩৪,০০ | ২,২২,০০ | হ্রাস-১২,০০ | |
| (১৫) বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট | ১০,০২,৯৫ | ৭,০৩,৪২ | ২,৭৬,০০ | ২,৮৯,২৮ | ১,৯৬,৯০ | ৭,৮৮,০০ | ৭,৮৮,০০ | -- | |
| মোট পরিচালন ব্যয় | ৭৬৬,৬০,৯২ | ৭৭২,০১,৮৮ | ৩১০,৪৮,৬৫ | ৩৯২,০৬,৫৬ | ১৩৪,১৮,৯৫ | ৮৩৮,৭৯,০০ | ৮৩৭,৫৯,৮৩ | হ্রাস-১,১৯,১৭ | |
| মোট উন্নয়ন ব্যয় | ২২৭,১৩,৮২ | ৩৯৯,১৮,২৩ | ৪৯,৬৪,২৫ | ৩৮,৭৩,১২ | ১৮,৬৫,৮১ | ২১১,৬৮,০০ | ২৯৯,৪১,৭৮ | বৃদ্ধি-৮৭,৭৩,৭৮ | |
| সর্বমোট (পরিচালন ও উন্নয়ন ব্যয়) | ৯৯৩,৭৪,৭৪ | ১১৭১,২০,১১ | ৩৬০,১২,৯০ | ৪৩০,৭৯,৬৮ | ১৫২,৮৪,৭৬ | ১০৫০,৪৭,০০ | ১১৩৭,০১,৬১ | বৃদ্ধি-৮৬,৫৪,৬১ | |

২.২.১ ২০২৩-২৪ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ১০১ কোটি ৮৮ লক্ষ ৮০ হাজার টাকা অপরিবর্তিত রেখে সংশোধিত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

২.৩ সভায় অর্থবিভাগ কর্তৃক জারিকৃত সংশোধিত বাজেট পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে মূল বরাদ্দের মধ্যে সীমাবদ্ধ থেকে সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের উপর গুরুত্বারোপ করা হয়। রাজস্ব আহরণ বৃদ্ধি, বিশেষ ক্ষেত্র ব্যতীত পরিচালন ব্যয় খাতে ব্যয় প্রাক্কলন বৃদ্ধি না করা এবং চলতি অর্থবছরে সমাপ্তিযোগ্য প্রকল্প বাস্তবায়নের গুরুত্ব বিবেচনা করে উন্নয়ন ব্যয় প্রস্তাব রাখার জন্য সভায় আলোচনা হয়।

২.৩.১ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় আয়বর্ধক মন্ত্রণালয় নয়। সরকারের উন্নয়ন কার্যক্রম প্রচার-প্রচারণা এ মন্ত্রণালয়ের মূল উদ্দেশ্য। এজন্য যে সকল দপ্তর/সংস্থা মূল বাজেট সীমার মধ্যে সংশোধিত বাজেট প্রাক্কলন করেছে সে সকল দপ্তর/সংস্থাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। যে সকল দপ্তর/সংস্থার অতিরিক্ত দাবী রয়েছে সে সকল দপ্তর/সংস্থাকে যথার্থ যৌক্তিকতা তুলে ধরে বাজেট প্রাক্কলন প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। তাছাড়া, চলতি অর্থ বছরে সমাপ্তিযোগ্য প্রকল্প বাস্তবায়নের গুরুত্ব বিবেচনা করে এবং পরিকল্পনা কমিশনের সুপারিশ গ্রহণ করত: উন্নয়ন খাতে ব্যয় বরাদ্দ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন) কে নির্দেশনা দেয়া হয়।

২.৪. সিদ্ধান্ত:

২.৪.১ ২০২৩-২৪ অর্থবছরে পরিচালন ব্যয় খাতে বরাদ্দকৃত ৮৩৮ কোটি ৭৯ লক্ষ টাকার স্থলে সংশোধিত ব্যয় প্রাক্কলন ৮৩৭ কোটি ৫৯ লক্ষ ৮৩ হাজার টাকার প্রস্তাব চূড়ান্ত করা হয়।

২.৪.২ ২০২৩-২৪ অর্থবছরে উন্নয়ন বাজেট ২১১ কোটি ৬৮ লক্ষ টাকার স্থলে সংশোধিত ব্যয় প্রাক্কলন ২৯৯ কোটি ৪১ লক্ষ ৭৮ হাজার টাকার প্রস্তাব চূড়ান্ত করা হয়।

২.৪.৩ ২০২৩-২৪ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ১০১ কোটি ৮৮ লক্ষ ৮০ হাজার টাকা অপরিবর্তিত রাখা হয়েছে।

২.৪.৪ মূল বরাদ্দ ঠিক রেখে সংশোধিত বাজেট প্রস্তাব প্রেরণ করতে হবে। তবে কোন ক্ষেত্রে অতিরিক্ত বরাদ্দ অত্যাবশ্যক হলে যৌক্তিকতা ব্যাখ্যাসহ অর্থ বিভাগে আলাদা প্রস্তাব প্রেরণ করতে হবে।

৩. সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

HKab 7/12/2023

(মোঃ হুমায়ুন কবীর খোন্দকার)
সিনিয়র সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি

নং-১৫.০০.০০০০.০১৬.২০.০০৮.২২-৩৫০ তারিখ: ২২ অগ্রহায়ন ১৪৩০ / ০৭ ডিসেম্বর ২০২৩

কার্যবিবরণীতে বর্ণিত গত ০৬ ডিসেম্বর ২০২৩ তারিখের সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০৭.১২.২০২৩

(মোঃ আবদুল্লাহ সিদ্দিক)
সহকারী সচিব
☎ ৫৫১০০২২০
E-mail:budget1@moi.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতানুযায়ী নয়):**

০১। অতিরিক্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/সম্প্রচার/সোস্যাল মিডিয়া), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
০৩। যুগ্মসচিব (প্রশাসন/প্রেস/তগ/পরিকল্পনা/বাজেট/টিভি), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
০৪। যুগ্মসচিব (বাজেট-৩), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। উপ-সচিব (প্রশাসন-৪/প্রশাসন-১/চলচ্চিত্র-১/তগ-২/প্রেস-২/টিভি-২/পরিকল্পনা/বাজেট-২), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
০৬। উপসচিব (স্কাইসোয়াম উইং), পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
০৭। পরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (শিক্ষা ও সামাজিক সেক্টর), শেরেবাংলা নগর, ঢাকা।
০৮। উপসচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সংশ্লিষ্ট), শেরেবাংলা নগর, ঢাকা।
০৯। উপসচিব, সাধারণ অর্থনীতি বিভাগ (তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সংশ্লিষ্ট), শেরেবাংলা নগর, ঢাকা।
১০। চিফ একাউন্টস ও এন্ড ফাইন্যান্স অফিসার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।

**দপ্তর/সংস্থা:**

০১। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, ঢাকা।
০২। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৩। মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
০৪। সচিব, তথ্য কমিশন, আগারগাঁও, ঢাকা।
০৫। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
০৬। সচিব, বাংলাদেশ প্রেস কাউন্সিল, ঢাকা।
০৭। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
০৯। মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
১০। মহাপরিচালক, বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, ঢাকা।
১১। মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
১২। প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, ঢাকা।
১৩। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড, ঢাকা।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট, ঢাকা

**সদয় অবগতির জন্য:**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
০৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, [মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ]
০৪। অনুবিভাগ প্রধান (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
০৫। যুগ্ম-সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।